

পাখিদের স্মৃতি লিরিক্স:-

পাখিদের স্মৃতি, কিছু রীতিনীতি,
ফণীমনসা ও জানে।
বাগানের স্মৃতি, নজরুল গীতি,
বালিকার কানে কানে। (২)

বিকেলের স্মৃতি, গোপন পিরিতি,
গোপনেই রাখা থাকে।
মানুষের স্মৃতি, বহু বিস্মৃতি,
শ্মশান বন্ধু টানে।

ঘন মেঘে ঢাকা সুহাসিনী রাখা,
তুমি কি গো সেই মালিনী?
অসাড় আশ্বাড়ে অকুল পাথারে,
স্মৃতির বিলাসে ভাসিনি। (২)

ঘন মেঘে ঢাকা..

বৃষ্টির স্মৃতি যুদ্ধ বিরতি,
ভিজি উঠে অবরোধে।
রাস্তার স্মৃতি, সারমেও ভীতি
জেগে থাকে অপরাধে।
তোমার যাওয়ার পথ ও ভরেছে,
স্মৃতিদের অহরবে।
বহু রাত একা জেগেছে প্রকৃতি
চোরের উপদ্রবে।

ঘন মেঘে ঢাকা সুহাসিনী রাখা,
তুমি কি গো সেই মালিনী?
ভিড়ে মিশে থাকা, স্মৃতিদের পাখা,
পরাজিত এক বাহিনী। (২)